

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ: ০২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.১০-২৫৭।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ হইতে ১৬ এপ্রিল ২০১৮ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য শতভাগ রপ্তানীমুখী তৈরি পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :-

শর্তবালী :-

- ১। অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক সাধারণ হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করিতে হইবে।
 - ২। কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার অধিক সময় কাজ করানো যাইবে না।
 - ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
 - ৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- ২। ইহা ০২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, টি, এম সাইফুল ইসলাম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১১০৫)

মূল্য : টাকা ৪.০০